দৈনিক বাংলা

তারিখ 08 JUN 1990
পৃষ্ঠা ৬ কলাম ২

20

# অর্ধেকেরও বেশী নিরক্ষর

নয়াদিল্লী, ৭ই জুন (পিটিআই)। ভারত, পাকিস্তান, বাংলাদেশ ও তিউনিশিয়াসহ পৃথিবীর ১১টি দেশের ১৫ বছর বয়সের জনসংখ্যার অর্ধেকের বেশী হচ্ছে নিরক্ষর।

ভারত, চীন ও পাকিস্তান সব থেকে নিরক্ষর ২০টি দেশের মধ্যেও পড়ে। জাতিসংঘের এক পরিসংখ্যান থেকে একথা জানা যায়।

সম্প্রতি প্রকাশিত ১৯৮৮ সালের জনসংখ্যা বিষয়ক এক বই থেকে জানা গেছে, বেশির ভাগ দেশ ও এলাকায় পুরুষদের থেকে মহিলাদের মাঝে নিরক্ষরতার হার বেশী। ভারতে ১৯৮১ সালে শতকরা ৭৪ জন মহিলা ও শতকরা ৪৫ জন পুরুষ নিরক্ষর ছিলেন।

তাছাড়া, শহর অঞ্চলের থেকে গ্রামাঞ্চলে নিরক্ষরতার হার বেশী।

মরক্কোর গ্রামাঞ্চলের শতকরা ৯৭ জন মহিলা লিখতে পড়তে জানে না। পাকিস্তানের গ্রামাঞ্চলে শতকরা ৯৩ ভাগ এবং ভারতের শতকরা ৮২ জন মহিলা নিরক্ষর। পরিসংখ্যান থেকে জানা যায়, ১৯৮১-৮২ সালে ভারত, পাকিস্তান, বাংলাদেশ, মিসর, মোজাম্বিক ও মরক্কোর গ্রামাঞ্চলের তিন-চতুর্থাংশের বেশী মহিলা নিরক্ষর।

BA
ব্যানবেইস
BANBEIS